ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

**28 MARCH 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকার গ্রাম পঞ্চায়েতগুলির রাজস্ব সংগ্রহ ব্যাবস্থাকে শৃঙ্খলাবদ্ধভাবে করার জন্য পঞ্চায়েত আর্থিক আইনের সংশোধন করার সিদ্ধান্ত নিয়েছে । গতকাল রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা একথা বলেছেন । মূখ্যমন্ত্রী জানান যে কেন্দ্রীয় সরকারের ধান ও শস্যের ক্ষেত্রে নির্দিষ্ট করা ন্যূনতম সমর্থন মূল্য থেকে রাজ্যের কৃষকদের অতিরিক্ত মূল্য প্রদানেও মন্ত্রীসভায় সিদ্ধান্ত হয়েছে । সে অনুসারে ধান প্রতি কুইন্টাল কেন্দ্রীয় সরকারের নির্ধারিত ২ হাজার ৫৫০ টাকার অতিরিক্ত হিসেবে আসামের কৃষকরা আড়াইশ টাকা অতিরিক্ত সমর্থন মূল্য লাভ করবেন । শস্যের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সমর্থন মূল্য ৫ হাজার ৫০০ টাকা ছাড়াও অতিরিক্ত ৫০০ টাকা আসমের কৃষকরা লাভ করবেন ।

এদিকে জলবায়ু পরিবর্তন বিভাগটি এখন থেকে বন বিভাগের সঙ্গে যুক্ত করা , রাজ্যের প্রতিটি উন্নয়ন খন্ডে একটি করে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা , মাসিক পনেরো হাজার টাকা পর্যন্ত লোকের ক্ষেত্রে ব্যাক্তিগত কর রেহাই দেওয়া

এবং কাচা চা পাতার ওপর থাকা সবধরণের কর প্রত্যাহার করার সিদ্ধান্ততেও রাজ্য মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে ।

---

গুণোৎসব-২০২৫ এ কাছাড় জেলা সমগ্র রাজ্যের মধ্যে একাদশ স্থান দখল করেছে । সামগ্রিকভাবে কাছাড় জেলার ৮৫ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড লাভ করেছে ।
শ্রীভূমি জেলার ৮৪ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড পেয়েছে
এবং হাইলাকান্দি জেলার ৮২ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড লাভ করেছে ।

---

উল্লেখ্য রাজ্যের শিক্ষা বিভাগ আয়োজিত গুণোৎসব ২০২৫ এর ফলাফলে শিবসাগর জেলা প্রথম , গোলাঘাট জেলা দ্বিতীয় এবং ডিব্রুগড় জেলা তৃতীয় স্থান লাভ করেছে । গতকালের ঘোষিত ফলাফল অনুযায়ি এবছর ১৩ হাজার ৩০০ টি বিদ্যালয় এ -প্লাস এবং ১৩ হাজার ৯৯২ টি বিদ্যালয় এ গেড্র লাভ করেছে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন ঈদ-উল ফিতর শান্তিপূর্নভাবে উদযাপনের লক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফাইরিমের পৌরহিত্যে আয়োজিত প্রস্তুতি সভায় ঈদের নামাজের স্থানগুলিতে ভীড় নিয়ন্ত্রণ করতে মসজিদ ও

ঈদগাহ কমিটিগুলিকে স্বেচ্ছাসেবক বাহিনী নিয়োগ করতে আহ্বান জানানো হয়েছে । সভায় পুলিশ আধিকারীক নয়ন মণি সিংহ জানান যে জেলার থানাগুলিতে খুব শীঘ্রই শান্তিপূর্ন ঈদ পালনের জন্য সভা অনুষ্ঠিত হবে । এছাড়া হাইলাকান্দি জেলার কয়েকটি সংবেদনশীল এলাকায় পুলিশি টহলের ব্যবস্থা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । উৎসবের দিন সন্দেহজনক কোন বস্তু চোখে পড়লে সঙ্গে সঙ্গে নিকটবর্তী পুলিশ থানায় জানাতে বলা হয়েছে । গতকালের সভায় অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা , হাইলাকান্দি জেলা হজ কমিটির কর্মকর্তা আবুল হোসেন মাঝারভুইয়া সহ বিভিন্ন ঈদগাহ ও মসজিদ কমিটির কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---

শিলচর রাধামাধব কলেজের শিক্ষা বিভাগের সম্পাদনায় বিভাগীয় দেওয়াল পত্রিকা এডুকেয়ার -এর তৃতীয় সংখ্যার আজ আবরন উন্মোচন করা হয়েছে । কলেজ উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তী ও প্রাক্তন অধ্যক্ষ ডক্টর দেবাশীষ রায় এডুকেয়ার পত্রিকার উন্মোচন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন শিক্ষা বিভাগের প্রধান ডক্টর সন্তোষ বরা ।

---

কাছাড়ের খাদ্য ,গণ বন্টন ও গ্রাহক উপভোক্তা বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে গনবন্টন ব্যবস্থাকে আরো স্বচ্ছ ও কার্য্যকর করতে জেলার সব রেশন কার্ডধারীদের আগামী ৩১শে মার্চ-এর মধ্যে ই-কে ওয়াই সি সম্পন্ন করার আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নির্ধারিত সময়সীমার মধ্যে ই কে ওয়াই সি না করালে সরকারী রেশন পেতে সমস্যা হতে পারে ।

উল্লেখ্য ই কে ওয়াই সি অবৈধ কার্ডধারীদের দূর করে প্রকৃত হিতাধিকারীদের কাছে সরকারের রেশন পৌছে দিতে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে ।

---

হাইলাকান্দি এ পি ডি সি এল-এর ডেপুটি জেনারেল ম্যানেজার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে হাইলাকান্দি ও রামকৃষ্ণনগর বৈদ্যুতিক উপ-সংমন্ডলের অধীন নব নির্মিত ৩৩ কেভি শিরিষপুর -গামারিয়া ফিডার আজ সকাল সাড়ে ১০টায় চালু করা হবে । এর পরিপ্রেক্ষিতে শিরিসপুর বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে থাকা জনসাধারনকে সর্তক থাকতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আজ ও আগামীকাল নিতাইনগর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । শিবির শুরু হবে সকাল ১০টা থেকে ।

এদিকে কাছাড় জেলার সোনাই রাজস্ব চক্র এলাকার নরসিংপুর প্রথম খন্ড থেকে ষষ্ট খন্ড , বেরাবাক প্রথম ও দ্বিতীয় খন্ড এবং ধনীপুর গ্রামের খাজনা আদায় শিবির আজ ও আগামীকাল নরসিংপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয়ে অনুষ্টিত হবে ।

---

---